



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ২২ মার্চ, ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ উন্নয়নশীল দেশে উন্নীত হওয়ায় আজ ২২ মার্চ, ২০১৮ তারিখ সকাল সাড়ে ১০টায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট-এ এক আনন্দ র্যালি অনুষ্ঠিত হয়। ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদের নেতৃত্বে র্যালিটি প্রশাসন ভবন-২ থেকে শুরু হয়ে ক্যাম্পাস প্রদক্ষিণ করে পুনরায় প্রশাসন ভবনের সম্মুখে শেষ হয়।

পরে সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে ভাইস চ্যান্সেলর বলেন, স্বাধীন বাংলাদেশ আজ সর্বক্ষেত্রে পাকিস্তান থেকে এগিয়ে আছে। শিক্ষা, বিদ্যুৎ, যোগাযোগ ও প্রযুক্তি, খাদ্য নিরাপত্তাসহ প্রায় সর্বক্ষেত্রেই আমরা অনেক এগিয়ে আছি। বিএনপি সরকারের সময় দেশের মানুষ ঠিকমত বিদ্যুৎ পেতো না। দিনের বেশীরভাগ সময় বিদ্যুৎবিহীন থাকতে হতো। কিন্তু বর্তমান সরকারের প্রধান মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিভিন্ন উদ্যোগের ফলে আমরা এখন প্রায় চব্বিশ ঘন্টা বিদ্যুৎ পাচ্ছি। ভাইস চ্যান্সেলর সরকারের উন্নয়নকাজে সহযোগিতা করার জন্য সকলের প্রতি আহ্বান জানান।

সমাবেশে কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. ইলিয়াস উদ্দীন বিশ্বাস এবং অনুষ্ঠান আয়োজন কমিটির আহ্বায়ক প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার বক্তব্য রাখেন। এসময় প্রফেসর ড. মো. আখতারুল ইসলাম, প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম, প্রফেসর ড. মুশতাক আহমেদ, প্রফেসর সৈয়দ হাসানুজ্জামান, প্রফেসর ড. মো. মস্তাবুর রহমান, প্রফেসর ড. এজেডএম মঞ্জুর রশীদ, প্রক্টর জনাব জহীর উদ্দিন আহমদ, লাইব্রেরিয়ান আব্দুল হাই ছামেনী, অফিসার্স এসোসিয়েশনের সভাপতি ড. খন্দকার মুমিনুল হকসহ শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠান সঞ্চালনা করেন রেজিস্ট্রার মুহাম্মদ ইশফাকুল হোসেন।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)

রেজিস্ট্রার